

উনকোটি জেলা হাসপাতালে ঝুঁকিপূর্ণ হৃদরোগীর সফল হার্নিওপ্লাস্টিক অস্ত্রোপচার



রাজ্যের জেলা হাসপাতালগুলিতেও জটিল অস্ত্রোপচার সফল ভাবে করা হচ্ছে। গত ২২ ফেব্রুয়ারি উনকোটি জেলা হাসপাতালে কৈলাশহরে হার্ট ব্লক যুক্ত এক রোগীনের সফল হার্নিওপ্লাস্টিক অস্ত্রোপচার সম্পন্ন করেছেন বিশেষজ্ঞ শল্য চিকিৎসক। উনকোটি জেলার কৈলাশহরের বাসিন্দা পঁয়তাল্লিশ বছরের বয়স্ক এক মহিলার উপরের পেট গত দুই বছর ধরে স্ফীত হয়ে ছিল। এছাড়াও তিনি হৃদ রোগে আক্রান্ত হয়ে গত ছয় সাত মাস ধরে শ্বাসকষ্টের সমস্যায় ভুগছিলেন। এই সমস্যাগুলি সহ অন্যান্য উপসর্গ নিয়ে মহিলা সম্প্রতি জেলা হাসপাতালের বহির্বিভাগে আসেন। বহির্বিভাগের চিকিৎসকরা রোগীর প্রাথমিক লক্ষণ দেখে হাসপাতালের সার্জিক্যাল ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করার জন্য পরামর্শ দেন। তারপর রোগীর পরিবার পরিজনেরা হাসপাতালের সার্জিক্যাল ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ সার্জন ডঃ শুভ্রনীলয় দাসের শরণাপন্ন হন। তিনি তখন প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার রিপোর্টের ভিত্তিতে রোগীর পেটের উপরের দিকে ভেন্ট্রাল হার্নিয়া চিহ্নিত করেন। তাই রোগীকে দ্রুত অস্ত্রোপচারের পরামর্শ দেন। রোগীর পরিবার পরিজনেরা অর্থনৈতিক সীমাবদ্ধতার কারণে আগরতলা জিবিপি হাসপাতালে যেতে রাজি হন নি। যদিও হার্ট ব্লক হওয়ায় এই অস্ত্রোপচারের ঝুঁকিপূর্ণ ছিল তবুও বিশেষজ্ঞ সার্জন ডঃ শুভ্রনীলয় দাসের তত্ত্বাবধানে উনকোটি জেলা হাসপাতালেই অস্ত্রোপচার করার সিদ্ধান্ত নেওয়া হয়।

উনকোটি জেলা হাসপাতালে গত ২২ ফেব্রুয়ারি সার্জিক্যাল ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ সার্জন ডঃ শুভ্রনীলয় দাস এর নেতৃত্বে গঠিত একটি টিম রোগীর অস্ত্রোপচার করেন। কিন্তু অস্ত্রোপচারের সময় দেখা যায় রোগীর পেটের মধ্যে তিনটি জায়গায় গ্যাপ রয়েছে, যাতে মহিলার কোলন এবং ইনটেনস্টাইন বাইরের দিকে বেরিয়ে আসছিল, ফলে সম্পূর্ণ অস্ত্রোপচারটি সফল করতে দুই ঘন্টা লাগে। এই অস্ত্রোপচার টিমে ছিলেন অ্যাসিস্টেন্ট সার্জন ডঃ প্রসেনজিৎ দেববর্মা, এনেসথেসিস্ট ছিলেন ডঃ রুপময় দাস, স্টাফ নার্স ছিলেন স্মৃতি দাস এবং গুটি টেকনিশিয়ান ছিলেন সুরঞ্জিত দাস। উক্ত এই অস্ত্রোপচারে সফল করতে উনকোটি জেলা হাসপাতালের মেডিকেল সুপারিনটেন্ডেন্ট ডঃ পূর্ণকৃত দেববর্মা যথেষ্ট সহযোগিতা করেছেন। অস্ত্রোপচারের পর রোগীনি বর্তমানে চিকিৎসকদের তত্ত্বাবধানে সুস্থ আছেন। উল্লেখ্য রোগীনি প্রধানমন্ত্রী আয়ুস্মান ভারত জন আরোগ্য যোজনার অন্তর্গত বেনেফিসিয়ারী হওয়ায় সম্পূর্ণ বিনামূল্যে উক্ত অস্ত্রোপচারের সুযোগ পান। তাছাড়া স্থানীয় জেলা হাসপাতালেই এই ধরনের অস্ত্রোপচারের সুবিধা পেয়ে রোগীর পরিবার পরিজনেরা খুশি এবং চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।